

মার্ব আকাশে বিমানবালার সঙ্গে অশোভন আচরণ, ভারতে বাংলাদেশি গ্রেফতার

- A Monitor Desk Report

Date: 09 September, 2023



মুম্বাই : মার্ব আকাশে বিমানবালার সঙ্গে অশোভন আচরণের অভিযোগে ভারতে এক বাংলাদেশি তরুণকে গ্রেফতার করা হয়েছে।

স্থানীয় গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ওই তরুণের নাম মোহাম্মদ দুলাল। তিনি ওমানের রাজধানী মাসকট থেকে ভারতীয় 'ভিস্তারা এয়ারলাইন্সের' একটি ফ্লাইটে মুম্বাই হয়ে ঢাকায় ফিরছিলেন। বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর)ভারে মুম্বাইয়ে ফ্লাইটটি অবতরণ করতেই ওই তরুণকে গ্রেফতার করা হয়।

বিমানবন্দর সূত্র জানিয়েছে, বুধবার দিবাগত গভীর রাতে মাসকট থেকে মুম্বাইয়ের উদ্দেশে উড়াল দেয় ভিস্তারা এয়ারলাইন্সের ফ্লাইটটি। মুম্বাইয়ে বিমান অবতরণের আধাঘণ্টা আগে এক বিমানবালার উদ্দেশে অশ্লীল অঙ্গভঙ্গি করেন ওই বাংলাদেশি তরুণ। শুধু তাই নয়, তিনি তার সিট থেকে উঠে দাঁড়িয়ে ওই বিমানবালাকে জড়িয়ে ধরেন এবং তাকে চুমু দেওয়ারও চেষ্টা করেন। এ সময় অন্য কেবিন ক্রু সদস্য ও যাত্রীরা হস্তক্ষেপ করার চেষ্টা করলে তিনি আরও অভব্য আচরণ করেন।

পরে ফ্লাইটটি অবতরণ করতেই স্থানীয় পুলিশের হাতে দুলালকে তুলে দেন বিমানবন্দর কর্তৃপক্ষ।

পুলিশ জানিয়েছে, মুম্বাই থেকে অন্য একটি ফ্লাইটে ঢাকার উদ্দেশে উড়াল দেওয়ার কথা ছিল দুলালের। গ্রেফতারের পর তাকে স্থানীয় আন্ধেরী আদালতে হাজির করা হয়।

আরও পড়ুন: [ঢাকা-বরিশাল রুটে ইউএস-বাংলার ফ্লাইট বন্ধ](#)

এদিকে, দুলালের আইনজীবী আদালতে দাবি করেন, তার মক্কেল মানসিকভাবে অসুস্থ। ইংরেজি এবং হিন্দি ঠিকমতো বোঝেন না। তিনি আরও দাবি করেন, ভাষা ঠিকমতো বুঝতে না পারার কারণে এবং মানসিক অসুস্থতার সুযোগ নিয়ে তার মক্কেলের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তোলা হয়েছে। তাকে ফাঁসানো হয়েছে। যদিও দুলালের আইনজীবীর এই যুক্তি ধোপে টেকেনি। শুরুর পর পর্যন্ত দুলালের পুলিশি হেফাজতের

নির্দেশ দিয়েছেন আদালত।

-B